

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

নং ২২.০০.০০০০.০৬৬.৫২.০২২.১২-২১৭—যেহেতু, সরকার কর্তৃক ১৯২৭ সনের বন আইনের (১৯২৭ সনের ১৬ নং আইন) ৪ ধারার বিধান মোতবেক প্রজ্ঞাপন নং-শা-২/বঃপঃ-১৭০/৮৭/৬৮৯ তারিখ: ২১ ডিসেম্বর ১৯৮৭ মূলে নিম্নতফসিলভুক্ত ভূমিকে সংরক্ষিত বন গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। যেহেতু, একই প্রজ্ঞাপনমূলে উক্ত ভূমির অবস্থান ও সীমানা নির্দিষ্ট করা হয়েছে এবং উক্ত ভূমিতে কোন ব্যক্তির বা এর উপর বনজন্মব্যোর কোন স্বত্ত্ব বা অধিকার আছে কিনা বা থাকলে তার অস্তিত্ব, প্রকৃতি ও সীমা নির্ধারণ এবং তদন্ত করার জন্য ফরেস্ট সেটেলমেন্ট অফিসার নিয়োগ করেছে; এবং

যেহেতু, একই আইনের ৬ ধারার বিধান মতে ফরেস্ট সেটেলমেন্ট অফিসার কর্তৃক বিজ্ঞাপিত বন ভূমির অবস্থান ও সীমানা নির্দিষ্ট করে বনটি সংরক্ষিত ঘোষণা করা হলে এর ফলাফল ব্যাখ্যা করে উক্ত ভূমিতে কারো কোন স্বত্ত্ব বা অধিকার থাকলে তা উত্থাপন করার জন্য স্মারক নং-১৭৪০(৯) তারিখ: ৩০ অক্টোবর ২০১১ মূলে লিখিত বিজ্ঞপ্তি জারি করা হয়েছে এবং একই আইনের ২০ (১) (ক) ধারা মতে দাবীসমূহ পেশ করার জন্য ৬ ধারা মোতাবেক নির্দিষ্ট সময় অতিক্রান্ত হয়েছে এবং ৬ ধারা মোতাবেক নির্দিষ্ট সময়ে দাবী পেশ না করার কারণে সকল স্বত্ত্ব/অধিকার (যদি থাকে) বিলোপ ঘটেছে;

(৫১৯৯)

মূল্য : টাকা ৮.০০

সেহেতু, নিম্নতফসিল বর্ণিত ভূমি বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ২০ ধারার ক্ষমতাবলে এতদ্বারা বিজ্ঞপ্তি জারির তারিখ হতে “সংরক্ষিত বন” (Reserved Forest) হিসেবে গণ্য হবে মর্মে ঘোষণা করা হল :

তফসিল

জেলা	উপজেলা	মৌজা	জেএল নম্বর	দাগ নম্বর	ভূমির পরিমাণ (একর)
মৌলভীবাজার	কমলগঞ্জ	রাজকান্দি হিল রিজার্ভ	৮৮	এস.এ-১২ (হালদাগ-১৪, ১১)	৪১.৩০

চোহদ্দি :

- উত্তরে- সুনছড়া চা-বাগান
 দক্ষিণে- সুনছড়া চা-বাগান
 পূর্বে- সংরক্ষিত বন এবং ২০০৮-২০০৯
 সনে বন বিভাগ সৃজিত বাগান।
 পশ্চিমে- সুনছড়া চা-বাগান

২। এই প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইসতিয়াক আহমদ
 ভারপ্রাণ্ড সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্দিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd